

স্মারক নং-৩১.৫৫.৩২৮২.০০১.০৬.০০১.২৩-৮৭

তারিখ : ১৬ মাঘ ১৪৩০ বঙ্গাব্দ
৩০ জানুয়ারি ২০২৪ খ্রিষ্টাব্দ

গণবিজ্ঞপ্তি

এতদ্বারা সাদুল্লাপুর উপজেলার সম্মানিত ভূমি মালিকগণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, যে সকল ভূমি মালিকের ভূমি উন্নয়ন কর বা খাজনা বকেয়া রয়েছে তাদেরকে হাল ১৪৩০ বাংলা সন পর্যন্ত ভূমি উন্নয়ন কর বা ভূমির খাজনা পরিশোধ করার জন্য অনুরোধ করা হলো। যে সকল ভূমি মালিক ০৩ (তিন) বছর বা তার অধিক সময় ভূমি উন্নয়ন কর বা খাজনা পরিশোধ করেননি তাদেরকে অতি দ্রুত অনলাইনে (www.ldtax.gov.bd) ওয়েবসাইটে নিবন্ধনের মাধ্যমে ১৪৩০ বাংলা সন পর্যন্ত ভূমি উন্নয়ন কর পরিশোধের জন্য অনুরোধ করা হলো। এক্ষেত্রে অনলাইনে ভূমি উন্নয়ন কর পরিশোধ পদ্ধতি বোধগম্য না হলে নিজ নিজ ইউনিয়ন ভূমি অফিস হতে পরামর্শ গ্রহণ করা যেতে পারে। অন্যথায় অনাদায়ী বকেয়া ভূমি উন্নয়ন কর আদায়ের জন্য সরকারি দাবী আদায় আইন, ১৯১৩ এর বিধান মোতাবেক ভূমির মালিকের বিরুদ্ধে রেন্ট সার্টিফিকেট মামলা দায়ের করা সহ প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

জনস্বার্থে বিজ্ঞপ্তিটি জারী করা হলো।

স্বা :

(মোঃ আসাদুজ্জামান)
সহকারী কমিশনার (ভূমি)
সাদুল্লাপুর, গাইবান্ধা
landoffice.sadullapur@gmail.com

স্মারক নং-৩১.৫৫.৩২৮২.০০১.০৬.০০১.২৩-৮৭(১২)

তারিখ : ১৬ মাঘ ১৪৩০ বঙ্গাব্দ
৩০ জানুয়ারি ২০২৪ খ্রিষ্টাব্দ

অনুলিপিঃ সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলোঃ-

- ০১। জেলা প্রশাসক, গাইবান্ধা।
- ০২। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), গাইবান্ধা।
- ০৩। উপজেলা নির্বাহী অফিসার, সাদুল্লাপুর, গাইবান্ধা।
- ০৪। ইউনিয়ন ভূমি সহকারী/উপ-সহকারী কর্মকর্তা (সকল), সাদুল্লাপুর, গাইবান্ধা। (গণবিজ্ঞপ্তিটি তার ইউনিয়নের জনবহুল এলাকা সমূহে মাইকযোগে ব্যাপক প্রচারের ব্যবস্থা করার জন্য বলা হলো।
- ০৫। অফিস কপি।

স্বা
৩০/০১/২৪
সহকারী কমিশনার (ভূমি)
সাদুল্লাপুর, গাইবান্ধা।